দৈনিক ইত্তেফাক

[illegible] 20 NOV 1996
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# ভিসি'র অপসারণের দাবীতে বুয়েটের ২৫ জন শিক্ষকের পদত্যাগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বর্তমান ভিসির পদত্যাগ এবং চলমান অচলাবস্থা নিরসনের দাবীতে গতকাল (মঙ্গলবার) বিভিন্ন অনু-

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভিসির অপসারণের দাবীতে

(প্রথম পৃঃ পর)

ষদের ডীন, বিভাগীয় প্রধান, হল প্রভোষ্ট ও পরিচালক পদে নিয়োজিত মোট ২৫ জন শিক্ষক স্ব-স্ব পদ হইতে পদত্যাগ করিয়াছেন। পদত্যাগকারীদের মধ্যে রহিয়াছেন : স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডীন, প্রকৌশল অনুষদের ডীন, পুরকৌশল অনুষদের ডীন ও ইলেক্ট্রোনিক কৌশল বিভাগের ডীন। বুয়েটের ৮টি হল প্রভোষ্টদের মধ্যে ৭ জনই পদত্যাগ করিয়াছেন। তাঁহারা হইতেছেন : সোহরাওয়ার্দী হল, শহীদ স্মৃতি হল, তিতুমীর হল, আহসানউল্লাহ হল, শেরেবাংলা হল, নজরুল ইসলাম হল এবং ডঃ এম, এ, রশীদ হলের প্রভোষ্ট। উহাছাড়া, ১০ জন বিভাগীয় প্রধান এবং ৪ জন পরিচালকও পদত্যাগ করিয়াছেন।

তাঁহাদের পদত্যাগপত্রে বলা হইয়াছে : গত ২৮ শে অক্টোবর হইতে ভিসির অপসারণের দাবীতে বুয়েটের শিক্ষকদের পূর্ণ কর্মবিরতি শুরুর পর প্রশাসনিক ও একাডেমিক যাবতীয় কার্যক্রম সম্পূর্ণ অচল হইয়া পড়িয়াছে। ক্লাস শুরু, রেজিষ্ট্রেশন, ফলাফল প্রকাশ কিছুই সম্ভব হইতেছে না। পদত্যাগপত্রে বুয়েটকে সমূহ ধ্বংসের হাত হইতে রক্ষার জন্য বর্তমান ভিসি প্রফেসর মোঃ শাহজাহানকে অবিলম্বে পদত্যাগের পরামর্শ দেওয়া হয়।

এদিকে বুয়েট শিক্ষক সমিতি গতকাল এক বিবৃতিতে বর্তমান ভিসিকে অপসারণ করিয়া একজন প্রবীণ শিক্ষককে ভিসি পদে নিয়োগের জন্য সরকারের নিকট দাবী জানাইয়াছে।

ছাত্রলীগ বুয়েট শাখা গতকাল এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে ভিসির পদত্যাগ দাবী করিয়া বলিয়াছে, অন্যথায় ছাত্র আন্দোলন গড়িয়া তোলা হইবে। বুয়েট ক্যাফেটোরিয়ায় অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রলীগ নেতা মোঃ শহীদুল্লাহ খান। বক্তব্যে বলা হয়, দেশের ঐতিহ্যবাহী ও দৃষ্টান্ত স্থাপনকারী শিক্ষা প্রতিষ্ঠানটি বর্তমান ভিসির একগুঁয়েমি মনোভাবের কারণে ধ্বংস হইতে চলিয়াছে। চলমান অচলাবস্থা নিরসনে তিনি সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন। এখন তাহার অপসারণ কিংবা পদত্যাগের কোন বিকল্প নাই। সম্মেলনে বুয়েট ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।